



ইরানের পাল্টা হামলায় ৬৫০ মার্কিন সেনা হতাহত দাবি



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার জবাবে পরিচালিত সামরিক অভিযানে বিপুলসংখ্যক মার্কিন সেনা হতাহত হয়েছে বলে দাবি করেছে ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি)। সংস্থাটির ভাষ্য অনুযায়ী, ‘অপারেশন ট্রু প্রমিজ-৪’ শীর্ষক পাল্টা অভিযানের প্রথম দুই দিনে অন্তত ৬৫০ জন মার্কিন সেনা নিহত বা আহত হয়েছেন।

মঙ্গলবার (৩ মার্চ) এ তথ্য প্রকাশ করে ইরানের সংবাদ সংস্থা তাসনিম নিউজ এজেন্সি। প্রতিবেদনে বলা হয়, যুদ্ধক্ষেত্রের তথ্য ও গোয়েন্দা সূত্রের ভিত্তিতে হতাহতের এ সংখ্যা নিশ্চিত করা হয়েছে বলে দাবি করেছে আইআরজিসি।

তবে ইরানের এই বক্তব্য প্রত্যাখ্যান করেছে ওয়াশিংটন ডিসি। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে এমন বড় ধরনের ক্ষয়ক্ষতির কোনো তথ্য নিশ্চিত করা হয়নি। একই সঙ্গে উপসাগরীয় দেশগুলোর তরফ থেকেও এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।